प्रेस प्रकाशनी PRESS RELEASE



भारतीय रिज़र्व बैंक RESERVE BANK OF INDIA

वेबसाइट : www.rbi.org.in/hindi Website : www.rbi.org.in ई-मेल/email : helpdoc@rbi.org.in



संचार विभाग, केंद्रीय कार्यालय, शहीद भगत सिंह मार्ग, फोर्ट, मुंबई-400001

Department of Communication, Central Office, Shahid Bhagat Singh Marg, Fort,

Mumbai-400001 फोन/Phone: 022- 22660502

26 জুন, 2023

দ্য উত্তরপাড়া কো-অপারেটিভ ব্যাঙ্ক্ষ লিমিটেড, পশ্চিমবঙ্গ -এর উপর ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক্ষ আর্থিক জরিমানা আরোপ করল

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক (আরবিআই), জুন 21, 2023 দিনাঙ্কিত একটি আদেশ দ্বারা, (i) "উন্মোচন বিধি এবং সংবিধিবদ্ধ/ অন্যান্য বিধিনিষেধ-ইউসিবি সম্পর্কিত" ও (ii) "আপনার গ্রাহককে জানুন (KYC)" সংক্রান্ত আরবিআই দ্বারা জারিকৃত নির্দেশবিধি সমূহ লঙ্ঘন করা/ অমান্য করা-র মর্মে পশ্চিমবঙ্গ স্থিত দ্য উত্তরপাড়া কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড(ব্যাঙ্ক্ষ) - এর উপর ₹2,50,000/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র) –এর আর্থিক জরিমানা আরোপ করেছে। ব্যাঙ্কিং রেগুলেশন অ্যান্ট, 1949-এর ধারা 47A (1) (c) তৎসহ পঠিত ধারা 46 (4) (i) এবং ধারা 56–এর বিধানের অধীনে আরবিআই-তে ন্যন্ত ক্ষমতাবলের প্রয়োগে, আরবিআই দ্বারা জারিকৃত প্রাগোক্ত নির্দেশবিধি সমূহ (directions) ব্যাঙ্ক্ষ টি-র মান্য ক'রে চলতে ব্যর্থ হওয়া-কে বিচার ক'রে এই জরিমানা-টি আরোপ করা হয়েছে।

এই ক্রিয়াপদক্ষেপ-এর ভিত্তি- বিধিসম্পর্কিত(regulatory) অনুপালন কার্যে খামতি, এবং ব্যাঙ্ক কর্তৃক তার গ্রাহকের সাথে ক্রিয়াসম্পাদিত কোনও লেনদেন বা সম্মতিসনদ (agreement)-এর বৈধতা-র উপর বিচার-প্রভাব আরোপ এর অভিপ্রায় নয়।

পটভূমি

প্রেস প্রকাশনী: 2023-2024/470

মার্চ 31, 2022 তারিখে আরবিআই কর্তৃক সম্পাদিত ব্যাঙ্ক সংক্রান্ত আর্থিক পরিস্থিতি ভিত্তিক নিরীক্ষণ প্রতিবেদন (inspection report) অন্যান্য বিষয়াদি-র সাথে এইমর্মে প্রকাশ করে যে- ব্যাঙ্ক টি আরবিআই নির্দেশবিধি অনুপালন করতে ব্যর্থ হয়েছে- (i) প্রুডেন্সিয়াল আন্তঃ-ব্যাঙ্ক বিপরীত-পাক্ষিক সীমা (Prudential Inter-bank Counter-Party Limit), (ii) প্রুডেন্সিয়াল আন্তঃ-ব্যাঙ্ক (সার্বিক) উন্মোচন সীমা (Prudential Inter-bank (Gross) Exposure Limit), এবং (iii) স্বতন্ত্র গ্রাহক সনাক্তকরন কোড (Unique Customer Identification Code (UCIC)) বরাদ্দ করার মর্মে। এর ভিত্তিতে, প্রাগুক্ত নির্দেশবিধি অমান্য করার জন্য কেন জরিমানা আরোপ করা হবে না সেইমর্মে কারণ দর্শানোর পরামর্শ দিয়ে ব্যাঙ্ক-টির প্রতি একটি বিজ্ঞপ্তি (Notice) জারি করা হয়েছিল।

বিজ্ঞপ্তি-টির সাপেক্ষে ব্যাঙ্ক টি-র জবাব, তদ-বিষয়ক অতিরিক্ত দাখিলাদি এবং ব্যক্তিগত শুনানি কালীন তার দ্বারা পেশ করা মৌখিক দাখিলাদি বিবেচনা করা'র পর আরবিআই এই সিদ্ধান্তে উপনীত হয়েছে যে আরবিআই-এর নির্দেশবিধি অননুপালন জনিত প্রাগুক্ত অভিযোগ ধার্য-ক্রিয়া(charges) বাস্তবের ভিত্তিতে প্রতিষ্ঠিত এবং আর্থিক জরিমানা আরোপ যথোপযক্ত।

মুখ্য মহাপ্রবন্ধক (যোগেশ দয়াল)